



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/১৫৬০

তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রিঃ

**বিষয় : কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে।**

সূত্র : (i) জনাব মোঃ আশরাফ আলী খান খসরু এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মহোদয়ের একখানা ডিও পত্র।

(ii) অত্র বোর্ডের তদন্ত প্রতিবেদন।

(iii) সচেতন অভিভাবকবৃন্দের একখানা অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে বোর্ড কর্তৃক নেত্রকোণা জেলার সদর উপজেলাধীন “দত্ত উচ্চ বিদ্যালয়” এর সভাপতি ও প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত নিম্নরূপ অভিযোগ প্রাথমিকভাবে প্রতীয়মান হয়েছে :

(i) দত্ত প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকাগণের বেতন ভাতা দত্ত উচ্চ বিদ্যালয়ের তহবিল হতে পরিশোধ করা হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের কপি পাওয়া যায় নি এবং প্রাথমিক বিদ্যালয়ের জন্য পৃথকভাবে প্রধান শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে, যা বিধি সম্মত নয়।

(ii) বিদ্যালয়ের অধিকারভুক্ত মার্কেটের দোকানসমূহের উন্নয়ন কাজের জন্য টেন্ডারবিহীনভাবে ৬৩,৫০,০০০/- (তেষাট লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ম্যানেজিং কমিটির সদস্য জনাব মনোয়ার জাহান সুজনের নামে চেক ইস্যু করে ব্যয় করা হয়। এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করা হয়েছে কিনা তদমর্মে কোন কাগজপত্র দাখিল করা হয় নি।

এমতাবস্থায়, উল্লিখিত কর্মকান্ড পরিচালনার জন্য কেন আপনাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তা এ পত্র ইস্যুর তারিখ হতে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রাপক (i) : সভাপতি, ম্যানেজিং কমিটি  
দত্ত উচ্চ বিদ্যালয় (EIN: 113136)  
উপজেলা : সদর, জেলা : নেত্রকোণা।

ড. মোঃ দিদারুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

(ii) : প্রধান শিক্ষক  
দত্ত উচ্চ বিদ্যালয় (EIN: 113136)  
উপজেলা : সদর, জেলা : নেত্রকোণা।

মেমো নং- ১৫৬০(৪)

তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নেত্রকোণা।
- ২। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নেত্রকোণা।
- ৪। অফিস কপি।

*Didarul Islam*  
06.08.19

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

*Didarul Islam*